

মনোহরগঞ্জে প্রবেশপত্র  
বিড়ম্বনা, মাদ্রাসা  
শিক্ষার্থীদের বিক্ষোভ

মনোহরগঞ্জ (কুমিল্লা) প্রতিনিধি ▶

কুমিল্লার মনোহরগঞ্জে এক পরীক্ষার্থীর প্রবেশপত্র না আসায় অধিবেশিত হয়ে পড়ছে আজ রবিবার দুপুর ৩-৫টা দাখিল পরীক্ষার/তুর অপেশপ্রবেশ। ঐ ঘটনার প্রতিবাদে গতকাল শনিবার ৩৫ মাদ্রাসার শিক্ষার্থীরা একযোগে রাস্তা বর্জন করে বিক্ষোভ করেছে।

জানা যায়, উপজেলার দক্ষপুর ফাজিল মাদ্রাসা থেকে ২০১৪ সালের দাখিল পরীক্ষায় ফরম পূরণের টাকা জমা দিয়েও প্রবেশপত্র পায়নি নুরুন্নাহার নামের ওই শিক্ষার্থী। ৭৬ জন পরীক্ষার্থীর মধ্যে নিজের প্রবেশপত্র না পেয়ে মানসিকভাবে ভেঙে পড়ছে মেয়েটি। নিজের কষ্টার্জিত টাকায় মেয়ের ফরম পূরণ করলেও প্রবেশপত্র না আসার খবরে কান্নায় ভেঙে পড়েন হতদরিদ্র বাবা আবুল খায়ের।

নুরুন্নাহারের প্রবেশপত্র না আসায় রাস্তা বর্জন করে মাদ্রাসার সব শিক্ষার্থী। পরে মাদ্রাসা কর্তৃপক্ষ আজ রবিবার সকাল ৮টার মধ্যে প্রবেশপত্র দেওয়ার আহ্বান দিলে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা রাস্তা জিরে যায়। মাদ্রাসাটির সুপার মো. মানউল্লাহ বাশারী বলেন, প্রবেশপত্র না আসার কারণ খতিয়ে দেখা হচ্ছে। এটি পাওয়ার বিষয়ে সংশ্লিষ্টদের সঙ্গে যোগাযোগের চেষ্টা চলছে। তবে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সৈয়দ মো. তৈয়ব হোসেন বলেন, বিষয়টি তদন্ত করে দেখা হবে।